

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.০১.০০০০.৮০১.১৬.০২৬.২৩.৩৪৩

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ


বিষয়: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ই-প্রাইমারী স্কুল সিস্টেম ও ই-মনিটরিং অ্যাপস বন্ধকরণ প্রসংগে।

সূত্র: আএমডি-র ইউও নোট নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.৫০.০০১.২১.৫১, তারিখ: ২০ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগ থেকে অবগত করা হয়েছে যে, সরকারের ডাটা সিকিউরিটি নিশ্চিতকরণের নিমিত্ত পূর্বের ই-প্রাইমারী স্কুল সিস্টেমটির লিংক ডিপিই-র ওয়েবসাইট থেকে সরিয়ে ফেলা হয়েছে। পাশাপাশি বিদ্যালয় পরিবীক্ষণের জন্য বিদ্যমান ই-মনিটরিং অ্যাপসও বন্ধ করা হয়েছে।

২। বিদ্যমান ই-মনিটরিং টুলসের আলোকে আইএমডি কর্তৃক PEMIS সফ্টওয়্যারে অন্তর্ভুক্ত করে ই-মনিটরিং অ্যাপস গুগল প্লে-স্টোরে আপলোড করা হয়েছে। PEMIS সফ্টওয়্যারে অন্তর্ভুক্ত ই-মনিটরিং অ্যাপস গুগল প্লে-স্টোর থেকে ডাউনলোড করে ই-মনিটরিং কার্যক্রম পরিচালনা করা যাবে। পরিবীক্ষণকারী কর্মকর্তাগণ কর্তৃক নতুন ই-মনিটরিং অ্যাপস ব্যবহারে কোনো সমস্যার সম্মুখীন হলে ই-মনিটরিং টুলসের হার্ড কপি ব্যবহার করে সাময়িকভাবে বিদ্যালয়ে পরিবীক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৩। উল্লেখ্য, PEMIS সফ্টওয়্যারে অন্তর্ভুক্ত ই-মনিটরিং অ্যাপস বিষয়ে যেকোন কারিগরি সহযোগিতার জন্য প্রয়োজন হলে আইএমডি বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


শাহীনুর শাহীন খান
পরিচালক (পরি: ও মূল্যা:)

১. বিভাগীয় উপরিচালক,
প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (সংশ্লিষ্টদের জানানোর অনুরোধসহ)।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল)- (সংশ্লিষ্টদের জানানোর অনুরোধসহ)।
৩. উপজেলা/থানা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৪. ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/সহ: ইন্সট্রাক্টর (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৫. অতিরিক্ত মহাপরিচালক (রাজস্ব/পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী (অতি: মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাশিঅ।
৬. অফিস কপি